

বিস্ফোরক পরিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের নভেম্বর/২০২০ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী
সভা : প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ
সভার তারিখ ও সময় : ২৫/১১/২০২০ খ্রি: বেলা ১১:০০ ঘটিকা।
সভার স্থান : প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের সদস্য সচিব জনাব মনিরা ইয়াসমিন জানান, ২০২০-২০২১ অর্থবছরের এপিএ টিমের ১২টি সভা অনুষ্ঠানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। অদ্য অনুষ্ঠিত সভাটি ৫ম সভা।

আলোচনা

১। অক্টোবর মাসের এপিএ টিমের সভার সিদ্ধান্ত অনুযায়ী

(ক) শুদ্ধাচার ও উত্তম চর্চার বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ;

(খ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ;

(গ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ সভাসমূহ ২৩.১১.২০২০ তারিখে সম্পন্ন করা হয়েছে।

২। সদস্য সচিব সভাকে জানান যে, বিস্ফোরক, পেট্রোলিয়াম, গ্যাস সিলিন্ডার এবং গ্যাসাধার এর আমদানি, পরিবহন ও মজুদের লাইসেন্স মঞ্জুর এর ক্ষেত্রে লক্ষ্যমাত্রার ৪০.১৫% অর্জিত হয়েছে এবং বেজা/এসইজেড অঞ্চল হতে কোনো আবেদন পাওয়া যায়নি।

৩। তিনি আরও জানান, ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী ডিসেম্বর মাসের মধ্যে অংশীজনদের সাথে আরও ০৩ টি মতবিনিময়/ অবহিতকরণ সভার আয়োজনের পদক্ষেপ গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত

(ক) শুদ্ধাচার ও উত্তম চর্চার বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভা আয়োজন করতে হবে;

(খ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভা আয়োজন করতে হবে;

(গ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ সভা আয়োজন করতে হবে;

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২৫/১১/২০২০

(দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী)
প্রধান বিস্ফোরক পরিদর্শক (অ. দা)।

ও

আস্হায়ক/টিম লিডার, এপিএ টিম।
বিস্ফোরক পরিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।